ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

Digital media act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৩ সংখ্যা ঃ ০৫৭ ● কলকাতা ● ১৫ ফাল্গুন, ১৪৩০ ● বুধবার ● ২৮ ফেব্রুয়ারী, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা





কাঁদলেন মাধুরী দীক্ষিত — পৃঃ ৫





চীনের দুয়ার বন্ধ, মার্চে মেসিরা খেলবেন যুক্তরাষ্ট্রে — পৃঃ ৬


গ্রেফতার আইএসএফ বিধায়ক

## নওশাদ সিদ্দিকি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : সন্দেশখালি যাওয়ার পরিকল্পনা ছিল আইএসএফ বিধায়ক নওশাদ সিদ্দিকির। যাওয়ার পথে কলকাতার সায়েন্স সিটির কাছে গ্রেফতার করা হল তাঁকে। মঙ্গলবার সকাল সোয়া ৯টা নাগাদ সন্দেশখালির উদ্দেশে রওনা দিয়েছিলেন নওশাদ। সায়েন্স সিটির কাছে পৌঁছতেই পুলিশের হাতে গ্রেফতার হলেন তিনি।

নওশাদের দাবি, মঙ্গলবার সকালে সন্দেশখালির পাশাপাশি বাসন্তী যাওয়ার পরিকল্পনা ছিল তাঁর। সায়েন্স সিটির কাছে তিনি পৌঁছলে সেখানে উপস্থিত সাংবাদিকদের সঙ্গে কথা বলছিলেন তিনি। তার পরেই পুলিশ তাঁকে গ্রেফতার করে। পুলিশ পরে নওশাদকে জানায়, তিনি সন্দেশখালি গেলে সমস্যা হতে পারে। সেই প্রেক্ষিতেই তাঁকে গ্রেফতার করা হচ্ছে বলে দাবি পুলিশের। তার পর প্রিজন


এরপর ৩ পাতায়


দীপা দাশমুন্সীর বিরুদ্ধে

## বিস্ফোরক অভিযোগ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : কংগ্রেস নেত্রী দীপা দাসমুন্সির বিরুদ্ধে চাঞ্চল্যকর অভিযোগ তুললেন তেলেঙ্গানার বিজেপি সহ-সভাপতি এনভিসিসি প্রভাকর। তাঁর দাবি, এক কংগ্রেস বিধায়ককে মন্ত্রী করানোর প্রতিশ্রুতি দিয়ে তাঁর থেকে বিলাসবহুল এক গাড়ি নিয়েছেন কংগ্রেস কর্মসমিতির এক সদস্যা।যদিও দীপা এখনও নিজের মতো কাজ করে চলেছেন। সদ্যই হায়দরাবাদের ডেপুটি মেয়র শ্রীলতা শোভন রেড্ডি দীপার হাত ধরেই কংগ্রেসে যোগ দিয়েছেন। আরও বেশ কয়েকজন বিজেপি এবং বিআরএস কাউন্সিলর দীপার হাতেই কংগ্রেসে যোগ দিতে চলেছেন। শোনা যাচ্ছে, এই দীপার হাত ধরেই লোকসভার আগে হায়দরাবাদ পুরসভার হাতবদল হতে পারে।বিজেপি নেতার এই অভিযোগে উত্তেজনা ছড়িয়েছে দুই দলের মধ্যে। কংগ্রেস সূত্রের দাবি, দীপা দাশমুন্সী ওই বিধায়কের কাছে একটি মার্সিডিজ উপহার পেয়েছেন। এই নিয়ে মুখে কুলুপ কংগ্রেস শীর্ষ নেতৃত্বের। এ বিষয়ে দীপা দাসমুন্সিরও কোনও প্রতিক্রিয়া পাওয়া যায়নি। তবে কংগ্রেস সাংসদ রেণুকা চৌধুরী প্রভাকরকে সতর্ক করে বলেছেন, অবিলম্বে ক্ষমা না চাইলে তাঁর বিরুদ্ধে মানহানির মামলা করা হবে। যদিও এ পর্যন্ত মামলা করা হয়নি।

কংগ্রেসের অন্দরে দীপার বিরুদ্ধে ওঠা এই অভিযোগে


এরপর ৩ পাতায়


মাহাতোদের তফসিলি জনজাতি হিসাবে

## স্বীকৃতি দেওয়ার এক্তিয়ার রাজ্যের নেই



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : পশ্চিমবঙ্গে বসবাসকারী মাহাতোরা তাঁদের তফসিলি জনজাতি হিসেবে ঘোষণা দাবি জানিয়ে আসছেন দীর্ঘ দিন। তাঁদের সেই দাবিকে মান্যতা নিয়ে রাজ্যে ভৌগোলিক ভাবে তাঁদের সংখ্যা জানতে একটি সমীক্ষা করার কথা জানালেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। মঙ্গলবার পুরুলিয়ার শিমুলিয়া ময়দানে সরকারি পরিষেবা প্রদান অনুষ্ঠানে যোগ দেন তিনি।আদিবাসী সম্প্রদায়ের একাংশের দাবির কথা স্মরণ করে মমতা বলেছেন, "সারি এবং সারনা ধর্মের স্বীকৃতির দাবিতে কেন্দ্রীয় সরকারকে চিঠি লিখেছি। যদি তারা না করে আমরা বৃহত্তর আন্দোলন গড়ে তুলব সারি এবং সারনা ধর্মকে স্বীকৃতি দেওয়ার জন্য।"সেখানেই মাহাতোদের দাবিকে সমর্থন জানিয়ে সমীক্ষা করার কথা জানান মমতা। তবে মমতা স্পষ্ট জানিয়ে দেন, মাহাতোদের তফসিলি জনজাতি হিসাবে স্বীকৃতি দেওয়ার এক্তিয়ার রাজ্যের নেই। তা রয়েছে কেন্দ্রের হাতেই। বাংলার রাজনৈতিক মহলের একাংশ মমতার এই পদক্ষেপের সঙ্গে বিহারের মুখ্যমন্ত্রী নীতীশ কুমারের জাত গণনার সঙ্গে মিল পাচ্ছেন।মমতা বলেন, "আমি মাহাতোদের একটা কথা বলব, আদিবাসী ও মাহাতোদের মধ্যে আমি ঝগড়া লাগাতে চাই না। আপনাদের যা যা আছে আমরা করে দেব। সঙ্গে সঙ্গে মাহাতোদের দীর্ঘ দিনের দাবি আছে, তাদের তফসিলি জনজাতি হিসাবে ঘোষণা করা হোক। এটা আমার হাতে নেই। কাজেই আপনারা আমাকে দোষ দেবেন না। কিন্তু আমরা মনে করি আমরা শুরু করেছি। কোন কোন জিয়োগ্রাফিক অঞ্চলে


এরপর ৩ পাতায়


১০০ দিনের বকেয়া মজুরি মেটাল রাজ্য,

## দিকে দিকে উচ্ছ্বাসের ঢল




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : চওড়া হাসি ফুটেছে ফালাকাটা ব্লকের গুয়াবরনগর গ্রাম পঞ্চায়েতের সুধাংশু বর্মনের মুখে। সোমবার তাঁর অ্যাকাউন্টে কড়কড়ে ১০ হাজার টাকা ঢুকেছে। বেজায় খুশি কোচবিহার দুনম্বর ব্লকের আমবাড়ির বাসিন্দা শ্যামাপ্রসাদ রায়। তাঁর অ্যাকাউন্টেও এদিন ঢুকেছে ২৯৮২ টাকা। ১০২০ টাকা ঢুকেছে বর্ধমানের মেমারি-১ ব্লকের চাঁচাই পাল্লা ক্যাম্পের বাসিন্দা সুখেন দাসের অ্যাকাউন্টে।সর্বশেষ পাওয়া খবর অনুযায়ী, ৫৩ লক্ষ জব কার্ড হোল্ডারকে টাকা দেওয়া হবে। জবকার্ড হোল্ডারদের টাকা মিটিয়ে দেওয়ার পাশাপাশি, বাজেটে একশো দিনের বদলে ৫০ দিনের কাজের নতুন প্রকল্পের ঘোষণা করেছে রাজ্য সরকার। ২৯ ফেব্রুয়ারি এবং ১ মার্চ উপকৃতদের নিয়ে সরকারি সভা করার ব্যাপারেও পরিকল্পনা নেওয়া হয়েছে।


এরপর ৩ পাতায়







# বিজেপিকে কলকাতায় ধর্নায় বসার অনুমতি দিল হাই কোর্ট



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সন্দেশখালি ঘটনার প্রতিবাদে কলকাতার গান্ধীমূর্তির পাদদেশে ধর্নায় বসার কর্মসূচি ঘোষণা করেছিল বিজেপি। কিন্তু পুলিশের অনুমতি না মেলায় হাই কোর্টের দ্বারস্থ হয়েছিলেন বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার। সেই মামলায় মঙ্গলবার হাই কোর্ট বিজেপিকে ধর্না করার অনুমতি দিল। তবে বেঁধে দিল কিছু শর্তও।তবে বিজেপির বক্তব্য, সেই মতো পুলিশের কাছে অনুমতিও চাওয়া হয়েছিল। কিন্তু পুলিশ অনুমতি দেয়নি। রবিবার রাতে নিজের এক্স (সাবেক টুইটার) হ্যান্ডলে পশ্চিমবঙ্গে বিজেপির সহ-পর্যবেক্ষক অমিত মালবীয় লিখেছিলেন, "সেনার তরফ থেকে অনুমতি থাকা সত্ত্বেও গান্ধীমূর্তির পাদদেশে বিজেপির ধর্নার অনুমতি দেয়নি রাজ্যের পুলিশ। কারণ হিসেবে তারা দেখিয়েছে, ওই এলাকায় লাউডস্পিকার বাজানোয় বিধিনিষেধ রয়েছে।' তার পরই আদালতে মামলা করেন সুকান্ত। তবে লাউডস্পিকার বাজানোর উপর নিষেধাজ্ঞা জারি করা হয়েছে। বুধবার এবং বৃহস্পতিবার ধর্নায় বসতে পারবে বিজেপি।সোমবারই ধর্নার অনুমতির চেয়ে হাই কোর্টে মামলা করেছিলেন সুকান্ত। মঙ্গলবার বিচারপতি কৌশিক চন্দের এজলাসে সুকান্তের মামলার শুনানি ছিল। সেখানেই সব পক্ষের সওয়াল জবাবের শেষে বিচারপতি বিজেপিকে 'শর্তসাপেক্ষে' ধর্না কর্মসূচির অনুমতি দেন। বিজেপি তিন দিন টানা ধর্নায় বসতে চেয়ে আবেদন করেছিল। কিন্তু হাই কোর্ট বিজেপিকে দু'দিনের অনুমতি দিয়েছে। পাশাপাশি বিচারপতি তাঁর নির্দেশে বলেন, "কলকাতার গান্ধীমূর্তির পাদদেশে ১৫০ জন লোক নিয়ে ধর্না দিতে পারবে বিজেপি। তবে দু'দিনের জন্য এই কর্মসূচি করা যাবে। শান্তিপূর্ণ ভাবে সেই কর্মসূচি করতে হবে বিজেপিকে। লাউডস্পিকার ব্যবহার করা যাবে না।" সেই সঙ্গে কর্মসূচির সময়ও বেঁধে দিয়েছেন বিচারপতি। সকাল ১০টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত কর্মসূচি করার নির্দেশ দেওয়া হয়েছে।

গত শুক্রবার দলীয় বৈঠকে বিজেপি রাজ্য নেতৃত্ব স্থির করেন, সন্দেশখালির ঘটনায় প্রতিবাদ জানিয়ে খাস কলকাতায় টানা তিন দিন ধর্না কর্মসূচি পালন করবে দল। ধর্না কর্মসূচির নেতৃত্ব দেবেন রাজ্য সভাপতি সুকান্ত এবং বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। বিজেপি সূত্রে খবর ছিল, আগামী মঙ্গলবার (২৭ ফেব্রুয়ারি) থেকে বৃহস্পতিবার (২৯ ফেব্রুয়ারি) পর্যন্ত টানা তিন দিন কলকাতার গান্ধীমূর্তির পাদদেশে সেই ধর্না চলবে।

## স্বনির্ভর গোষ্ঠীর জন্য শপিং মলের ধাঁচে

# বিগ বাজার, ঘোষণা মুখ্যমন্ত্রীর



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** এবার বাংলার জেলায় জেলায় বিগ বাজার হবে'।মঙ্গলবার পুরুলিয়ায় এই ঘোষণা করেছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। বিক্ষিপ্ত ভাবে এ কথা শুনলে বিষ্ময় হতে পারে। এমনিই ফিউচার গ্রুপের বিগ বাজার দক্ষিণবঙ্গের মফস্বল শহরগুলোতেও রয়েছে। এদিনের দলের কর্মীদের উদ্দেশে হুঁশিয়ারি দিয়েছেন মুখ্যমন্ত্রী। তাঁর কথায়, নিজেকে 'বড়' মনে না করে মানুষের কাজকেই অগ্রাধিকার দিতে হবে, কারণ মানুষই নির্বাচনে জিতিয়েছে। তাই মানুষের জন্য কাজ করুন।তা হলে আবার নতুন করে বিগ বাজার কেন?

সম্ভবত বিগ বাজার বলতে এদিন বড় বাজারের কথা বোঝাতে চেয়েছেন মমতা বন্দ্যোপাধ্যায়। যে বাজারে বাংলার স্বনির্ভর গোষ্ঠীর তৈরি করা সামগ্রী বিক্রি করা হবে। এমনিতে বাংলায় স্বনির্ভর গোষ্ঠীগুলিতে মহিলারাই বেশি কাজ করেন। মুখ্যমন্ত্রীরও উদ্দেশ্য বাংলার মেয়েদের তৈরি করা সামগ্রীর প্রাতিষ্ঠানিক বাজার তৈরি করে দেওয়া।

মুখ্যমন্ত্রী এদিন জানিয়েছেন, সরকারি উদ্যোগে তৈরি হবে শপিং মলের ধাঁচে ঝাঁ চকচকে মার্কেট কমপ্লেক্স। স্বনির্ভরগোষ্ঠী মহিলারা সেখানে তাঁদের তৈরি করা জিনিসপত্র বিক্রি করতে পারবেন। সেখানে বিপুল কর্মসংস্থান ও রোজগারের সুযোগ তৈরি হবে বলে ইঙ্গিত দিয়েছেন মুখ্যমন্ত্রী। তাঁর কথায়,'স্বনির্ভর গোষ্ঠীর মেয়েরা তাঁদের হাতের কাজ বিক্রি করার জন্য বাজার পায় না। তাই জেলায় জেলায় আমরা বিগ বাজার, বিগ মার্কেট তৈরি করে দেব। মেয়েদের হাতের কাজ বিক্রি হবে। এতে আর বাংলার মহিলাদের বাইরে যেতে হবে না।"

স্বনির্ভরগোষ্ঠীর মেয়েদের স্বাবলম্বী করার জন্য রাজ্য ২৫ হাজার টাকা দিচ্ছে বলে জানিয়েছেন মমতা বন্দ্যোপাধ্যায়। এছাড়া ভবিষ্যতে ক্রেডিট কার্ড দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। যেখানে মহিলারা পাঁচ লক্ষ টাকা পর্যন্ত ঋণ নিতে পারবেন।

মুখ্যমন্ত্রী এদিন আবাস যোজনার প্রসঙ্গও তুলেছেন। তিনি জানিয়েছেন, ১ এপ্রিলের মধ্যে কেন্দ্র টাকা না দিলে আবাস যোজনার আওতায় গ্রাম বাংলার মানুষের জন্য ১১ লক্ষ বাড়ি বানিবে দেবে রাজ্য।

## প্রথমবারের ভোটদাতাদের মধ্যে

# 'আমার প্রথম ভোট দেশের জন্য' প্রচারাভিযানের বার্তা ছড়িয়ে দিতে সমাজের সর্বস্তরের মানুষের কাছে আবেদন রেখেছেন প্রধানমন্ত্রী

**নতুনদিল্লি ২৭ ফেব্রুয়ারী ২০২৪ : নিউজ সারাদিন :** প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী প্রথমবারের ভোটদাতাদের মধ্যে 'আমার প্রথম ভোট দেশের জন্য' প্রচারাভিযানের বার্তা ছড়িয়ে দিতে সমাজের সর্বস্তরের মানুষের কাছে আবেদন রেখেছেন।

প্রথমবারের ভোটদাতা এবং যুবাদের গণতান্ত্রিক অধিকার প্রয়োগে উৎসাহিত করে তুলতে চলছেআমার প্রথম ভোট দেশের জন্য' প্রচারাভিযান।

এক্স হ্যান্ডেলে কেন্দ্রীয় মন্ত্রী অনুরাগ ঠাকুর আমার প্রথম ভোট দেশের জন্য সঙ্গীত শেয়ার করেছেন এবং প্রত্যেককে তা শেয়ার করতে বলেছেন। এর প্রতিক্রিয়ায় প্রধানমন্ত্রী বলেছেন;


"আমাদের নির্বাচনী প্রক্রিয়াকে আরও অংশগ্রহনমূলক করে তোলা যাক। সর্বস্তরের মানুষের প্রতি #MeraPehlaVoteDeshKeLiye-এর বার্তা ছড়িয়ে দিতে আমি আবেদন রাখছি!"

## চিকিৎসার অভাবে

# ডিয়ার পার্কে মৃত্যু দুই হরিণের



**আমিরুল ইসলাম, হরিশ্চন্দ্রপুর, মালদা : নিউজ সারাদিন :** চিকিৎসার অভাবে ডিয়ার পার্কে মৃত্যু দুই হরিণের। অসুস্থ আরো এক হরিণ। পশু চিকিৎসা কেন্দ্রে নেই পর্যাপ্ত পরিকাঠামো। নেই পশু চিকিৎসক।তাই হরিণদের যথপোপযুক্ত খাদ্য এবং পরিচর্যা হলেও অসুস্থ হয়ে গেলে মিলছে না চিকিৎসা। চিকিৎসার অভাব কার্যত অভিযোগের সুরেই বলছেন বিডিও। চিকিৎসক নেই মেনে নিয়েছেন পশু স্বাস্থ্য আধিকারিক।ময়না তদন্তের জন্য পাঠানো হচ্ছে হরিণদের দেহ। ক্ষুব্ধ পশুপ্রেমীরাও। এই রাজ্যে মানুষ হোক বা পশু কারোরই চিকিৎসা মেলে না কটাক্ষের সুর বিজেপির গলায়। তৃণমূলের আমলেই ডিয়ার পার্কের পরিকাঠামোর উন্নতি হয়েছে পাল্টা দাবি শাসকের।মালদা জেলার হরিশ্চন্দ্রপুর ২ নম্বর ব্লক দপ্তরের পাশেই রয়েছে বারোদুয়ারি ডিয়ার পার্ক।এই পার্কে ছিল মোট ৩২টি হরিণ। তারই মধ্যে দুটি পূর্ণবয়স্ক হরিণের মৃত্যু হয়েছে মঙ্গলবার। আরো একটি হরিণ অসুস্থ। মৃত্যুর কারণ স্পষ্ট করতে ময়নাতদন্তের জন্য পাঠানো হচ্ছে হরিণদের দেহ। মূলত এই ডিয়ার পার্কের দেখভাল করেন হরিশ্চন্দ্রপুর ২ নম্বর ব্লকের সমষ্টি উন্নয়ন আধিকারিক তাপস কুমার পাল।হরিণদের জন্য রয়েছে পর্যাপ্ত খাদ্য। পশুপ্রেমী বিডিও নিজে দায়িত্ব নিয়ে হরিণদের যত্নআত্যি করেন। সময় মতো খাবার দেন। সমস্যা হলো হরিণরা অসুস্থ হলে সেই চিকিৎসা নিয়ে। হরিশ্চন্দ্রপুর সদরে পশু স্বাস্থ্য কেন্দ্রে ঝা চকচকে ভবন থাকলেও নেই পশু চিকিৎসক। এর আগে অনেক সাধারণ মানুষ এই নিয়ে অভিযোগ করেছেন। দুটি হরিণের মৃত্যুর পর কার্যত সেই অভিযোগের সুর বিডিওর গলাতেও। অন্যদিকে পশু স্বাস্থ্য আধিকারিক অমিত খুটিয়া মেনে নিয়েছেন পর্যাপ্ত চিকিৎসক নেই। দীর্ঘদিন ধরে স্থায়ীভাবে কোন চিকিৎসক নিয়োগ হয়নি। যার ফলে সমস্যা হয় অনেক সময়। চিকিৎসার অভাবে মৃত্যুর ঘটনা সামনে আসতেই শুরু হয়েছে রাজনৈতিক বিতর্ক। জেলা বিজেপি নেতা কিষাণ কেডিয়ার অভিযোগ এই রাজ্যে মানুষও স্বাস্থ্য পরিষেবা পাচ্ছে না। পশুরাও পাচ্ছে না। ঝা চকচকে ভবনের নামে শুধুই আইওয়াশ। যদিও তৃণমূলের সভাপতি জিয়াউর রহমানের দাবি ঐতিহ্যবাহী ডিয়ার পার্কে দুটি হরিণের মৃত্যু দুর্ভাগ্যজনক। কিন্তু ওই পার্কে তৃণমূল সৌন্দর্যায়নের কাজ করেছে। যেটা দীর্ঘদিনের বাম আমলে হয়নি। এই বিষয়ে তারা প্রশাসনের সঙ্গে কথা বলবেন। পশুপ্রেমীরা প্রকাশ্যে ক্যামেরার সামনে মুখ না খুললেও হরিণ মৃত্যুর ঘটনায় ক্ষোভ প্রকাশ করেছেন।






## ৭২ ঘন্টার মধ্যে শাহজাহানের গ্রেফতারি চাই,

# রাজ্যকে কড়া হুঁশিয়ারি রাজ্যপালের



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সন্দেশখালির উত্তাপ লন্ডন অবধি পৌঁছে গেলেও আজও অধরা মাস্টারমাইন্ড শেখ শাহজাহান । আর এবার তো হাইকোর্ট অবধি উদ্বিগ্ন। যদিও হাইকোর্টের রায়ের পরপরই তৃণমূল কংগ্রেসের রাজ্য সাধারণ সম্পাদক কুণাল ঘোষ বলেছেন, আগামি সাত দিনের মধ্যে গ্রেফতার হবে শেখ শাহজাহান।এদিকে সবুজ সঙ্কেত মিলতেই সরব হয়েছেন রাজ্যপাল সিভি আনন্দ বোস। এইদিন রাজভবন থেকে তিনি বলেন, 'কালপ্রিটকে অবশ্যই গ্রেফতার করতে হবে। গ্রেফতার না করার জন্য কোনও অজুহাত আর থাকতে পারে না। শাহজাহানকে অবশ্যই গ্রেফতার করতে হবে।' আর শেখ শাহজাহান গ্রেফতার না হলে যে তার কৈফিয়ত এবার রাজ্যকেই দিতে হবে সেকথাও দিনের আলোর মতোই স্পষ্ট।তবুও যেন সন্তুষ্ট হতে পারছেননা রাজ্যপাল সিভি আনন্দ বোস ।

এইদিন সন্দেশখালির ঘটনায় ফের একবার কড়া বার্তা দিয়েছেন তিনি। তার নির্দেশ, শেখ শাহজাহানের গ্রেফতারিতে যেন কোনও বিলম্ব না হয়। এমনকি এখনও পর্যন্ত তিনি গ্রেফতার কেন হননি সেই বিষয়েও কৈফিয়ত চাওয়া হল রাজ্য সরকারের কাছে। এমনকি তিনি জানিয়েছেন যে, আগামী ৭২ ঘন্টার মধ্যেই সেই কারণ দর্শাতে হবে রাজ্য সরকারকে।

গত মাসে ইডি পেটানোর ঘটনার পর থেকেই 'ফেরার' হয়ে রয়েছেন সন্দেশখালির বেতাজ বাদশা শেখ শাহজাহান। তখনই তার বিরুদ্ধে 'লুক আউট' নোটিশ জারি করেছিল কেন্দ্রীয় তদন্তকারী সংস্থাটি। যদিও গ্রেফতারির বিষয়টা নিয়ে চলছিল নানা জল্পনা। তবে এইদিন কলকাতা হাইকোর্ট জানিয়ে দিয়েছে শেখ শাহজাহানের গ্রেফতারিতে আর কোনও বাধা নেই।

সন্দেশখালি ঘটনায়

এরপর ৩ পাতায়

রাষ্ট্রপতি ৫ মার্চ ফার্স্ট পেয় জল

## সর্বেক্ষণ পুরস্কার প্রদান করবেন

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** আবাসন ও নগর বিষয়ক মন্ত্রক 'ফার্স্ট পেয় জল সর্বেক্ষণ পুরস্কার' ঘোষণা করেছে। ৫ মার্চ বিজ্ঞান ভবনে এই পুরস্কার প্রদান করবেন রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মুর্মু। জলের ক্ষেত্রে উল্লেখযোগ্য কাজের জন্য শহর ও রাজ্যগুলিকে পুরস্কার দিয়ে সম্মানিত করা হবে। সব মিলিয়ে বিভিন্ন বিভাগে ১৩০টি পুরস্কার প্রদান করা হবে। জনসংখ্যা অনুযায়ী (১-১০ লক্ষ, ১০-৪০ লক্ষ এবং ৪০ লক্ষের বেশি), বিভিন্ন বিভাগে 'পেয় জল গোল্ড', 'পেয় জল রৌপ্য' এবং পে জল ব্রোঞ্জ সিটি' পুরস্কার প্রদান করা হবে। অনুষ্ঠানে ১,৫০০-র বেশি পুরস্কার জয়ী ও অংশগ্রহণকারী হাজির থাকবেন। সেইসঙ্গে, 'অম্রুত মিত্র' প্রকল্পেরও সূচনা করা হবে। এই প্রকল্পে দেশের বিভিন্ন অংশের মহিলাদের স্বনিযুক্তি গোষ্ঠীগুলিকে সামিল করা হবে। বিল তৈরি করা, সংগ্রহ, পাইপের ফাটল চিহ্নিত করা, প্লাম্বিং-এর কাজকর্ম, জলের গুণগত মান নির্ধারণে নমুনা সংগ্রহ এবং পরিকাঠামো রক্ষার কাজে এই মহিলাদের নিযুক্ত করা হবে। 'পেয় জল সর্বেক্ষণ' কর্মসূচির মাধ্যমে নাগরিকদের স্বচ্ছ পানীয় জল সরবরাহের বিষয়টি সুনিশ্চিত করা হয়েছে। পোর্টাল, পরিকাঠামো ম্যাপিং ও সমীক্ষার মাধ্যমে তথ্য সংগ্রহ করা হয়েছে। ৫ লক্ষের বেশি বাড়ি থেকে সাড়াও মিলেছে। ২৪ হাজারের বেশি জলের নমুনা পরীক্ষা করা হয়েছে।

১-ম পাতার পর

# দীপা দাশমুন্সীর বিরুদ্ধে বিস্ফোরক অভিযোগ

অস্বস্তি তৈরি হয়েছে। অনেকেই রায়গঞ্জের প্রাক্তন সাংসদকে সাধারণ সম্পাদক পদ থেকে সরানোর দাবি তুলেছেন। হিমাচল প্রদেশ ও ত্রিপুরা বিধানসভা নির্বাচনে সাফল্যের সঙ্গে পর্যবেক্ষকের দায়িত্ব পালন করার পর দীপাকে তেলেঙ্গানার দায়িত্ব দেয় কংগ্রেস। সেরাজ্যেও সফল হন তিনি। তারপর কেরলেও তাঁকে বাড়তি দায়িত্ব দেওয়া হয়। সেই দীপার বিরুদ্ধেই এবার বিস্ফোরক অভিযোগ।

১-ম পাতার পর

# গ্রেফতার আইএসএফ বিধায়ক নওশাদ সিদ্দিকি

ভ্যানে তুলে নিয়ে যাওয়া হয় নওশাদকে।পুলিশের দাবি, ১৪৪ ধারা লঙ্ঘন করার অভিযোগে নওশাদকে গ্রেফতার করা হয়েছে। পুলিশের সঙ্গে সেই মুহূর্তে বচসায় জড়িয়ে পড়েন আইএসএফ বিধায়ক। নওশাদের পাল্টা দাবি, তিনি কোথাও জোর করে প্রবেশের চেষ্টা করেননি। এমনকি পুলিশের ব্যারিকেডও ভাঙেননি তিনি। তা হলে কী কারণে তাঁকে গ্রেফতার করা হল সেই প্রশ্নই পুলিশকে করেছিলেন নওশাদ।

১-ম পাতার পর

# ১০০ দিনের বকেয়া মজুরি মেটাল রাজ্য, দিকে দিকে উচ্ছ্বাসের ঢল

গোটা বিষয়টির উপর নজরদারি চালাতে ইতিমধ্যেই পঞ্চায়েত সচিব পি উলগানাথনের নেতৃত্বে আট সদস্যের টাস্ক ফোর্স গঠন করে দিয়েছে পঞ্চায়েত দপ্তর। সুধাংশু বর্মন, শ্যামাপ্রসাদ রায়, সুখেন দাসের মধ্যে একটাই মিল। এঁরা প্রত্যেকেই একশো দিনের প্রকল্পে কাজ করেছেন। কিন্তু কেন্দ্রীয় বঞ্চনার জন্য এতদিন টাকা পাচ্ছিলেন না বলে অভিযোগ। অবশেষে এদিন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের ঘোষণামতো সবাই টাকা পেতে শুরু করলেন। বকেয়া মজুরি পেয়ে জেলায় জেলায় উচ্ছ্বাসে ভেসেছেন শ্রমিকরা। কথা রেখেছেন মুখ্যমন্ত্রী। কেন্দ্রের বঞ্চনা সত্ত্বেও রাজ্যের কোষাগার থেকে শ্রমিকদের বকেয়া মিটিয়ে দিচ্ছে নবান্ন। এক এক করে শ্রমিকদের অ্যাকাউন্টে ঢুকতে থাকে টাকা। মোবাইলে আসতে থাকে মেসেজ। যা দেখে যারপরনাই খুশি টাকা প্রাপকরা। কেউ জানালেন, 'অনেকদিন ধরে এই টাকা আটকে ছিল। মুখ্যমন্ত্রীর ঘোষণার পর পঞ্চায়েতের ক্যাম্পে গিয়ে নাম নথিভুক্ত করেছিলাম। বকেয়া টাকা পেয়ে ভালো লাগছে।' কেউ আবার বললেন, 'মুখ্যমন্ত্রী কথা দিলে কথা রাখেন। একশো দিনের কাজের বকেয়া মিটিয়ে দিচ্ছেন। কেন্দ্রীয় বঞ্চনা অব্যাহত থাকলে মুখ্যমন্ত্রী নিশ্চয়ই আবাসের টাকা দেওয়ারও ব্যবস্থা করবেন।' উল্লেখ্য, জবকার্ড হোল্ডারদের ১ মার্চ পর্যন্ত মোট ২৬৫০ কোটি টাকা দেওয়া হবে। উত্তর থেকে দক্ষিণ, সর্বত্রই টাকা ছাড়া হচ্ছে। জিটিএ এলাকাতেও এই খাতে ১২৯ কোটি ৪২ লক্ষ টাকা বরাদ্দ হয়েছে।পঞ্চায়েত দপ্তর সূত্রের খবর, উত্তর ২৪ পরগনার সন্দেশখালিতে ৫৮০০ জন জব কার্ড হোল্ডারকে বকেয়া মজুরি বাবদ প্রথম দিনই প্রায় ২ কোটি টাকা দিয়েছে রাজ্য সরকার। পূর্ব বর্ধমানে প্রথম দিনই আনুমানিক সাড়ে ৫৩ হাজার শ্রমিকের অ্যাকাউন্টে সাড়ে ১৭ কোটি টাকা ঢুকেছে। সব জেলা থেকেই এমন খবর এসেছে। রেড রোডে বকেয়া আদায়ের জন্য শুরু হওয়া আন্দোলনের মঞ্চ থেকেই মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় জব কার্ড হোল্ডারদের টাকা মিটিয়ে দেওয়ার কথা ঘোষণা করেছিলেন। প্রথমে বলা হয়েছিল ২১ ফেব্রুয়ারি ২১ লক্ষ শ্রমিকের অ্যাকাউন্টে টাকা পাঠানো হবে। সেই মতো জেলায় জেলায় সহায়তা কেন্দ্র গড়া হয়। শুরু হয় নথি যাচাইয়ের কাজ। কিন্তু তার পরই বাড়তে শুরু করে কাজ করে টাকা না পাওয়া শ্রমিকের সংখ্যা।

১-ম পাতার পর

# মাহাতোদের তফসিলি জনজাতি হিসাবে স্বীকৃতি দেওয়ার এক্তিয়ার রাজ্যের নেই

মাহাতরা থাকেন। তাদের একটা পার্সেন্টেজ, একচুয়াল পার্সেন্টেজ তাদের জন্য একটা সার্ভে করছি।" তিনি আরও বলেন, "যেমন আদিবাসীদের পার্সেন্টেজ এখানে ৬ শতাংশ রয়েছে। আদিবাসীদের কাস্ট সার্টিফিকেট নিয়ে যেন কোনও সমস্যা না হয়। সেটাও আমাদের দেখতে হবে। যদি কারও কোনও অভিযোগ থাকে, আদিবাসী ভাইবোনেরা তা জানাবেন। মাহাত ভাইবোনেরা আপনাদের যা সমস্যা আমি দেখে দেব। আপনাদের যে দাবি তা আমি দেখে দেব। কিন্তু দয়া করে ভোট এলেই আদিবাসী আর মাহাতোদের মধ্যে ঝগড়া লাগাবেন না। কারণ অনেক মাহাতোও আদিবাসী আছেন।''২০১৯ সালের লোকসভা ভোটে পুরুলিয়া আসনটি তৃণমূলের থেকে ছিনিয়ে নিয়েছিল বিজেপি। সে কথা স্মরণ করিয়ে মমতা বলেন, "আগের বারও এখান থেকে বিজেপি জিতে গিয়েছিল। জিতে যাওয়ার পরে কি কিছু করেছিল? ইলেকশনের আগে এসে ভয় দেখাবে। কিছু টাকা পয়সা দেবে। আর কিছু মিথ্যে নোংরা নোংরা কথা বলবে। আপনারা শুনবেন না। ভোট হয়ে গেলেই ওরা পালিয়ে যাবে। আমরা কিন্তু বাংলায় ৩৬৫ দিনই থাকব।" তিনি আরও বলেন, "ভোটের সময় ওরা এসে বলবে ১৫ লক্ষ টাকা দেবে। কিন্তু ভোট চলে গেলে ওরা আর কিছু করবে না। ওদের সঙ্গেই মিশে আছে সিপিএম আর কংগ্রেস। ওরা বড় বড় কথা বলে, কিন্তু কেউ কোনও কাজ করে না। আমি কথা দিলে কথা রাখি।''প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সরকারের ওপর ক্ষোভ উগরে দিয়ে মুখ্যমন্ত্রী বলেন, "কেন্দ্র সরকার ৪৫৫টা টিম পাঠিয়েছে। রোজ আগুন লাগায়। দাঙ্গা লাগায়। তারপর বলে কে করল? কোথাও গন্ডগোল হয় না। শুধু বিজেপির পঞ্চায়েতে গন্ডগোল হয়, কারণ কী? তার কারণ ওরা লুটে খায়। আর মানুষকে ধরে ঠেঙায়।" এর পর নিজের দলের পঞ্চায়েত প্রতিনিধিদের উদ্দেশে তিনি আরও বলেন, "আমি প্রত্যেককে বলব, একসঙ্গে মিলেমিশে কাজ করবে। মনে রাখবেন আমরা সবাই ছোট, মানুষ বড়। তারাই এখানে নিয়ে এসেছেন। মানুষ যেদিন ছুড়ে ফেলে দেবে সেদিন কেউ তাকিয়েও দেখবে না। কেউ পুছেও দেখবে না আমি বড় না ও বড়। আমি চিরকাল এই কথা বিশ্বাস করি। এই কথা বিশ্বাস করলে আমার সঙ্গে থাকুন। নয়ত অন্য দল করুন। আমার আপত্তি নেই। তৃণমূল করলে মানুষকে বঞ্চনা করা যাবে না।"

কেড়ে নেওয়া জমি

## ফেরত পেয়েও সিঁদুরে মেঘ দেখছে সন্দেশখালি



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** এখনও ফুঁসছে সন্দেশখালি। অশান্তি ঠেকাতে তৈরি হয়েছে অভিযোগ গ্রহণ কেন্দ্র। শান্তি ফেরাতে নিত্য-নতুন কৌশল নিচ্ছে প্রশাসন। জমি দখল, চাষের জমিতে নোনা জল ঢুকিয়ে ভেড়ি তৈরি করা, লিজের টাকা না দেওয়া, বিগত কয়েকদিন ধরে ভুরি ভুরি অভিযোগ জমা পড়েছে বিভিন্ন ক্যাম্পে। অভিযোগ খতিয়ে দেখে প্রশাসনের তরফে ইতিমধ্যে শুরু হয়েছে গ্রামবাসীদের জমি ফিরিয়ে দেওয়ার প্রক্রিয়া।

এদিন বিডিও অরুণ কুমার সামন্ত জানান, এখনও পর্যন্ত প্রায় ৪০০ অভিযোগ জমা পড়েছে। এর মধ্যে প্রায় দেড়শো অভিযোগ জমি দখল সংক্রান্ত বিষয়ে। ১৩০ জন

এরপর ৪ পাতায়

২ পাতার পর

# ৭২ ঘন্টার মধ্যে শাহজাহানের গ্রেফতারি চাই, রাজ্যকে কড়া হুঁশিয়ারি রাজ্যপালের

ইতিমধ্যেই মুখ পুড়েছে মমতা সরকারের। ন্যাশনাল মিডিয়াতে তো বটেই পাশাপাশি বিদেশের মাটিতেও বইছে নিন্দার ঝড়। এসবের মাঝেই আগামি ১০ মার্চ ব্রিগেড সভার ডাক দিয়েছে তৃণমূল কংগ্রেস। সন্দেশখালি থেকেও মানুষজন সেই সভায় যোগ দিতে আসবে বলে জানিয়েছে তৃণমূল। সেই সভাতেই সন্দেশখালি নিয়ে বক্তৃতা দেবেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ও অভিষেক বন্দ্যোপাধ্যায়।

# সাংবাদিকতা একটি চ্যালেঞ্জিং কাজ: সিং




**রাজপুত্র, সিনিয়র সাংবাদিক। সমষ্টিপুর, ২৭ ফেব্রুয়ারী ২০২৪ (এজেন্সি) : নিউজ সারাদিন :** উজিয়ারপুরের প্রাক্তন বিধায়ক দুর্গা প্রসাদ সিং বলেছেন যে সাংবাদিকতা একটি খুব চ্যালেঞ্জিং কাজ কারণ সাংবাদিকরা সংবাদ সংকলনের জন্য তাদের জীবন ঝুঁকিতে ফেলেন।

শ্রী সিং এখানে স্থানীয় দৈনিক পত্রিকা ঝঞ্ঝাট টাইমস আয়োজিত সাংবাদিক সম্মান অনুষ্ঠানে বক্তৃতা করছিলেন। তিনি বলেছিলেন যে আমাদের সাংবাদিকদের সম্মান করা উচিত। মিস্টার সিং বলেন, আমি সাংবাদিক হিসেবেও কাজ করেছি। আমি ১৯৯১ সালে একজন সাংবাদিক হিসাবে আমার কর্মজীবন শুরু করি এবং সর্বদা চিঠির মাধ্যমে সমাজের দরিদ্র, অনগ্রসর, দলিত, মহিলা, কৃষক এবং ছাত্রদের কণ্ঠস্বর পৌঁছে দেওয়ার জন্য কাজ করেছি।

গোকুল কার্পুরী ফুলেশ্বরী ডিগ্রী কলেজের সহকারী অধ্যাপক ডাঃ সীতা কুমারী, করপুরী গ্রাম, সমষ্টিপুর বলেন, সাংবাদিকতা একটি কঠিন এবং চ্যালেঞ্জিং কাজ। আজ আমাদের দেশের নারীরা চলমান ট্রেন, উড়োজাহাজ, সেনাবাহিনীসহ সব ক্ষেত্রে কাজ করছে, কিন্তু সাংবাদিকতার ক্ষেত্রে অর্ধেক জনসংখ্যার উপস্থিতি নগণ্য।

তিনি বলেন, কিছু কিছু জায়গায় এই এলাকায় মাত্র কয়েকজন নারীকে দেখা যায়। এ ক্ষেত্রে নারীদের এগিয়ে আসতে হবে। সরকারকেও নারীদের এগিয়ে নিয়ে আসার উদ্যোগ নিতে হবে।এ উপলক্ষে সংবাদপত্রের প্রধান সম্পাদক রাজ কুমার রাই আগত অতিথিদের স্বাগত জানান এবং সিনিয়র সাংবাদিকদের সম্মান জানান।

দিল্লিতে ২৯ ফেব্রুয়ারি

## জয় মহাভারত পার্টির জাতীয় সম্মেলন

**এম কে মধুবালা, সাংবাদিক। নয়াদিল্লি, ২৭ ফেব্রুয়ারি ২০২৪ (এজেন্সি) : নিউজ সারাদিন :** দিল্লিতে ২৯ ফেব্রুয়ারি জয় মহাভারত পার্টির জাতীয় সম্মেলন অনুষ্ঠিত হবে।

পার্টি প্রধান ভগবান শ্রী অনন্ত বিষ্ণু দেব প্রভু আজ এখানে একটি সাক্ষাৎকারে এই তথ্য দিয়েছেন। তিনি বলেছেন যে সম্মেলন শেষে একটি রাজনৈতিক প্রস্তাব পাস করা হবে এবং আগামী লোকসভা নির্বাচন এই ইস্যুতে লড়াই করা হবে।

দলের প্রতিষ্ঠাতা সভাপতি শ্রী প্রভু বলেছেন যে আমরা ভয়, ক্ষুধা ও বেকারত্বের অবসানের গ্যারান্টি নিয়ে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করব।দল ৫৪৩টি আসনে প্রতিদ্বন্দ্বিতা করার সিদ্ধান্ত নিয়েছে।

তিনি বলেন, এ জন্য সমমনা দলগুলোর সঙ্গেও আলোচনা চলছে।কয়েকটি দলের সঙ্গে জোটের কথাবার্তা চূড়ান্ত পর্যায়ে রয়েছে।দিল্লির সাতটি আসনেই শক্তিশালী প্রার্থী দেওয়া হবে।

শ্রী প্রভু বলেছিলেন যে সম্মেলনে কিছু নতুন পদাধিকারীর নাম ঘোষণা করা হবে এবং কিছু নির্বাচনী প্রচারণার সাথে যুক্ত করা হবে।প্রবীণ নেতাদের প্রচারে অন্তর্ভুক্ত করা হবে এবং তার তালিকা কমিশনকে দেওয়া হবে। এল.এস.







ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

৩ বর্ষ ৫৭ সংখ্যা ২৮ ফেব্রুয়ারী, ২০২৪ বুধবার ১৫ ফাল্গুন, ১৪৩০

৩ পাতার পর

## কেড়ে নেওয়া জমি ফেরত পেয়েও সিঁদুরে মেঘ দেখছে সন্দেশখালি

মলিককে জমি ফিরিয়ে দেওয়ার প্রক্রিয়া শুরু হয়েছে। বাকি অভিযোগ খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। প্রতিদিন নতুন করে বেশ কিছু অভিযোগ জমা পড়ছে। ৪৮ ঘণ্টার মধ্যে আমরা অভিযোগের ভিত্তিতে ব্যবস্থা নিচ্ছি। অন্যদিকে এক গ্রামবাসী বলছেন, "ফেরত দেওয়া হচ্ছে। বলেছে যে আবার চাষ করতে। কিন্তু, চাষ কতটা করতে পারব জানি না। সেটা না হওয়া পর্যন্ত শান্তি পাচ্ছি না। এতদিন তো সব জমি শিবু হাজরা নিয়ে নিয়েছিল। প্রায় তিন বছর আগে নিয়ে নিয়েছিল। সেই জমিই এখন ফেরত দিচ্ছে। যদি ধান চাষ করা যায় সেটাই আগে করব।"জমি ফিরে পেলেও এখনো পুরোপুরি খুশি নন গ্রামবাসীদের একটা বড় অংশ। তাঁদের দাবি, জমি আবার চাষ যোগ্য হয়ে উঠলে, ফসল ফললে তবেই আমরা আরও বেশি খুশি হব।

এদিন সন্দেশখালি ২ নম্বর পঞ্চায়েত অফিসে বৈঠক করেন ভিডিও , এডিএম সহ অন্যান্য দফতরের আধিকারিকরা। যেসব জমির চরিত্র বদলে ভেড়ি তৈরি হয়েছিল, কিভাবে ওই সব জমি আবার চাষের উপযুক্ত করে তোলা যায় সেজন্য আগামীতে জয়েন্ট ইন্সপেকশন হবে বলে জানা যাচ্ছে। জমির মালিকদেরও এদিন ডেকে পাঠানো হয় প্রশাসনের তরফে। আশ্বস্ত করা হয় জমি চাষ যোগ্য করে তোলার বিষয়ে। এ বিষয়ে সবরকম সহযোগিতা মিলবে বলেও জানানো হয়েছে।

## সম্পাদকীয়

### শিলদায় ২৪ জন জওয়ানকে হত্যা, মাও নেত্রী সুচিত্রা-সহ ২৩ জনকে দোষী সাব্যস্ত করল আদালত

২০১০ সালে ১৫ ফেব্রুয়ারি। বেলপাহাড়ির শিলদা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র চত্বরে থাকা ইএফআর ক্যাম্পে হামলা চালিয়েছিল মাওবাদীরা। মাও হামলায় সেদিন নিহত হয়েছিলেন ২৪ জন জওয়ান।প্রথমে এই মামলা শুরু হয় ঝাড়গ্রাম আদালতে। পরর্বতীতে সেই মামলা শুনানি শুরু হয় পশ্চিম মেদিনীপুর আদালতে। এই মামলায় মোট অভিযুক্ত ছিল ২৪ জন। তাদের মধ্যে সুদীপ চোংদার নামে এক মাওবাদীর আগেই মৃত্যু হয়েছে। বাকি ২৩ জনকে এদিন দোষী সাব্যস্ত করেছে আদালত।

জেলা পুলিশের দাবি, জঙ্গলমহলে বড় ধরনের যে কটি মাও হামলার ঘটনা ঘটেছে, এটি তার মধ্যে সবচেয়ে বড়। কারণ, মাও হামলায় এর আগে জঙ্গলমহলে একসঙ্গে এতজন জওয়ানের নিহত হওয়ার ঘটনা আগে ঘটেনি।ওই হামলার ঘটনায় মঙ্গলবার মেদিনীপুর আদালত ২৩ জনকে দোষী সাব্যস্ত করল।মঙ্গলবার এই নির্দেশ দিয়েছেন মেদিনীপুর অতিরিক্ত জেলা এবং দায়রা বিচারক সালিম শাহী। আদালত সূত্রের খবর, বুধবার দোষীদের বক্তব্য শুনবেন বিচারক। তারপরই চূড়ান্ত রায় ঘোষণা করা হবে।

আদালত সূত্রের খবর, ২০১০ সালে ১৫ ফেব্রুয়ারি রাত ৯টা নাগাদ ইএফআর ক্যাম্পে হানা দেয় মাওবাদীরা। একের পর এক জওয়ানকে নৃশংসভাবে গুলি করে হত্যার পাশাপাশি ক্যাম্পে আগুনও লাগিয়ে দেওয়া হয়। মৃত্যু হয় ২৪ জন জওয়ানের। অগ্নিদগ্ধ হন আরও ২জন জওয়ান। জওয়ানদের পাল্টা প্রতিরোধে ৫জন মাওবাদীরও মৃত্যু হয়। তবে মাওবাদীরা সংখ্যায় বেশি থাকায় যাওয়ার সময় ক্যাম্প থেকে জওয়ানের অস্ত্র লুঠও করে নিয়ে যায়।

ঘটনার তদন্তে নেমে মাও নেতা রঞ্জন মুন্ডাকে গ্রেফতার করে পুলিশ। একে একে বাকিদেরও গ্রেফতার করা হয়। তবে হামলার অন্যতম অভিযুক্ত মাও নেত্রী সুচিত্রা মাহাতো পলাতক ছিলেন। পরে পুলিশের কাছে আত্মসমর্পণ করেন সুচিত্রা। প্রথমে এই মামলা শুরু হয় ঝাড়গ্রাম আদালতে। পরর্বতীতে সেই মামলা শুনানি শুরু হয় পশ্চিম মেদিনীপুর আদালতে। এই মামলায় মোট অভিযুক্ত ছিল ২৪ জন। তাদের মধ্যে সুদীপ চোংদার নামে এক মাওবাদীর আগেই মৃত্যু হয়েছে। বাকি ২৩ জনকে এদিন দোষী সাব্যস্ত করেছে আদালত।

## সরস্বতী দেবী এক নামে দুটি অর্থ বহন করে চলেছে আজও



-: মৃত্যুঞ্জয় সরদার :-

পূজার পরে দোয়াত-কলম পুস্তক ও বাদ্যযন্ত্রের পূজারও প্রচলন আছে। এ দিনেই অনেকের হাতেখড়ি দেওয়া হয়। পূজা শেষে অঞ্জলি দেওয়াটা খুব জনপ্রিয়। আর যেহেতু সরস্বতী বিদ্যার দেবী তাই সব শিক্ষাপ্রতিষ্ঠানেই এ উৎসব অনেক বড় করে পালিত হয়। আর সেখানে দল বেঁধে অঞ্জলি দেয় শিক্ষার্থীরা। মানুষের ভেতরের পশুকে নিবৃত্ত করে জ্ঞান দান করেন বিদ্যার দেবী সরস্বতী।

ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# স্বামীজী মুক্তকণ্ঠে বলেছেন, "আমরা হিন্দ



মৃত্যুঞ্জয় সরদার



সারা ভারত বর্ষ তথা বাংলার মানুষ নিজেরাই একটু স্বার্থনেশি হয়ে উঠেছে, নিজের স্বার্থের জন্য ভুলে যাচ্ছে মানবিকতা।আদর্শ আর সহানুভূতির মূল্য দেয়া হচ্ছে না এই যুগে,বাঙালির কেউ সত্য কথা বললে বাংলার বুকে অপদস্ত অপমান সহ্য করতে হয়। তাই নিজেরা বিপথগামী হওয়ার ভয় পাচ্ছেন? মিথ্যা ভয় কেন আপনারা পান,আপনারা কি ভুলে গেছেন আমাদের দেশের মহান এবং আদর্শ মান পুরুষ স্বামী বিবেকানন্দের কথা।আমার লেখার মাধ্যমে আপনাদেরকে স্মরণ করিয়ে দিতে চাই বিপদের সময়ে ঠিকই করতে বলেছিল স্বামী বিবেকানন্দ। বিপদ থেকে টেনে তোলো! তোমার উদ্ধার-সাধন তোমাকেই করতে হবে।...ভীত হয়ো না। বারবার বিফল হয়েছো বলো নিরাশ হয়ো না। কাল সীমাহীন, অগ্রসর হতে থাকো, বারবার তোমার শক্তি প্রকাশ করতে থাকো, আলোক আসবেই।'উদ্বুদ্ধ হয়েছে যুব সমাজ, আর সেজন্যই তার জন্মদিন ১২ জানুয়ারি যুব দিবস বলে খ্যাত। দেখে নেওয়া যাক, স্বামীজির কিছু অমর বাণী।জীবে প্রেম করে যেই জন, সেই জন সেবিছে ঈশ্বর- বিখ্যাত এ উদ্ধৃতিটি যিনি লিখেছিলেন তিনি স্বামী বিবেকানন্দ। বিশ্লেষকরা ঊনবিংশ শতাব্দীর শেষার্ধে বিভিন্ন ধর্মমতের মধ্যে পারস্পরিক সুসম্পর্ক স্থাপনের কৃতিত্ব বিবেকানন্দকে দিয়ে থাকেন।বিবেকানন্দ ছিলেন বহুগুণে গুণান্বিত। তিনি ছিলেন একজন হিন্দু সন্ন্যাসী, দার্শনিক, লেখক, সংগীতজ্ঞ এবং ঊনবিংশ শতাব্দীর ভারতীয় অতীন্দ্রিয়বাদী রামকৃষ্ণ পরমহংসের প্রধান শিষ্য।১৮ ৬৩ সালের ১২ জানুয়ারি মকর সংক্রান্তি উৎসবের দিন উত্তর কলকাতার সিমলা অঞ্চলে ৩ নম্বর গৌরমোহন মুখোপাধ্যায় স্ট্রিটে তিনি জন্মগ্রহণ করেছিলেন নরেন্দ্র নাথ দত্ত। ছোট থেকেই মেধাবী নরেন্দ্র নাথ স্কটিশ চার্চ কেলেজে পড়াকালীন যুক্তিবিদ্যায় পারদর্শী হন। যে যুক্তিবোধ আর আধাত্ম ফুটে ওঠে তাঁর বাণীতে। শ্রী রামকৃষ্ণ পরমহংস দেবের শিষ্য নরেন ,১৮৮৬ সালে সন্ন্যাস গ্রহণ করে হয়ে ওঠেন স্বামী বিবেকানন্দ। ভারত যখন ডুবে অন্ধকার ও হতাশায়, চলছে ব্রিটিশের রক্ত লালসা চরিতার্থ করা ভারতবাসীর রক্তে, জাতীর মানসিকতা ও আত্মবিশ্বাস তলানীতে, তখন হাল ধরেন পুরুষোত্তম বিবেকানন্দ। ভারতবর্ষ কে তিনি উপস্থাপন করলেন শিকাগো বিশ্ব ধর্ম মহাসভায় ১১ই সেপ্টম্বর, ১৮৯৩ সালে। তার বক্তব্যের সূচনাতেই তিনি বলেন "হে আমার আমারিকা নিবাসী ভাতৃ ও ভগিনীগণ" যা জয় করে নেয় উপস্থিত সকলের হৃদয়। হাততালির গুঞ্জন থামতেই চায় না। অবাক করেছিলেন শেতাঙ্গদের যাদের চোখে ভারত মানেই পিছিয়ে পড়া মানুষের দেশ যাদের নিজেদের কিছুই নেই। এই অপূর্ব মেধাবী মানুষটি হৃদয়বত্তা, তেজস্বিতা, জেদ ও স্বধীনচেতনার দ্বারা বিশ্বের দরবারে একটি অনন্যসাধারণ জায়গা আদায় করে নিয়েছিলেন।আজ আমরা - পশ্চিমবঙ্গের যুবকরা - মেকি প্রগতিশীলতা, ভণ্ড বামপন্থার কুয়োর মধ্যে বসে কেবল বেঙের মত মকমক করছি। সমগ্র জগতের দিকে চোখ খুলে তাকানোর মত স্বাভাবিক প্রবৃত্তিই আমাদের জাগছে না। যাদের উদ্দেশে স্বামীজী পরানুবাদ, পরানুকরণ, পরমুখাপেক্ষা ত্যাগ করার জ্বালাময় উপদেশ দিয়েছিলেন সেই যুবকগণ বিবেকানন্দ বা শ্রীচৈতন্যকে ছেড়ে এমন একজনের ছবি আঁকা গেঞ্জি



গায়ে দিয়ে নিজেদের আধুনিক বলে প্রমাণ করতে চাইছি যে লোকটি নিজের জীবনে হাজার হাজার মানুষকে নিজের হাতে খুন করেছে বিপ্লবের নামে।

স্বামীজীর পুনঃ অনুধ্যানের প্রয়োজনীয়তা আজ এজন্যই বেশী করে অনুভূত হচ্ছে। আমরা আজ নিজেদের হিন্দু পরিচয়ে লজ্জা বোধ করছি, হিন্দু শব্দটিকে সঙ্কীর্ণতার প্রতীক বলে মনে করছি। কিন্তু, স্বামীজী মুক্তকণ্ঠে বলেছেন, "আমরা হিন্দু। আমি এই 'হিন্দু' শব্দটিকে কোন মন্দ অর্থে ব্যবহার করিতেছি না; আর যাহারা মনে করে, ইহার কোন মন্দ অর্থ আছে, তাহাদের সহিত আমার মতের মিল নাই।" (হিন্দু ধর্মের সাধারণ ভিত্তি। লাহোরে ধ্যান সিংয়ের হাবেলীতে প্রদত্ত বক্তৃতা।) আমাদের এই হিন্দুত্বকে ধরে জেগে উঠতে হবে। উপলব্ধি করতে হবে কুয়োর বাইরে বিশাল জগৎকে। যে জগৎ বৈচির্ত্যে সুন্দর, প্রভাত পাখির কলকাকলিতে গুঞ্জরিত। উপলব্ধি করতে হবে সেই জগৎকে কলুষিত করছে দানবিক ভাবনায় জারিত রাক্ষসকুল। তাদের হাত থেকে এই সম্পূর্ণ সৃষ্টিকে বাঁচানোর পবিত্র দায়িত্ব আমাদের। মার্গভ্রষ্ট মানবকুলকে মানবতার রাস্তা দেখানোর পূত দায়িত্ব আমাদের, কারণ আমরা বিবেকানন্দের ভূমির পুত্র। আমাদের বিবেকানন্দ ভাই বলে সম্বোধন করে তার প্রাণের কথা বলতে চেয়েছেন।তার অন্যতম শ্রেষ্ট অনুগামীনী ছিলেন ভগিনী নিবেদিতা, আরেক অসমান্যা নারী। বিবেকানন্দ সারা জীবন ধরে শুধু মানবধর্মের উন্নতি ও উত্তরণের জন্য কাজ করেছেন। মানুষের সেবা করা তার মূল ধর্ম ছিল। তিনি বার বার বলেছেন "Do good and be good to people". তিনি আরো বলতেন "আমি সেই ভগবানের পূজা করি যাকে তোমরা ভুল করে মানুষ বলে ডাকো"। তার জ্ঞানের কোনো সীমা ছিলো না। তিনি ধর্মের ভেদাভেদ মানতেন না। তিনি মুক্ত চিন্তাধারার মানুষ ছিলেন এবং জীব সেবার মধ্যে দিয়েই তিনি ঈশ্বরের সান্নিধ্য লাভ করেছিলেন। ১৯০২ সালের ৪ই জুলাই তিনি দেহত্যাগ করেন।

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

# সিনেমার খবর

## হলিউডে বারাক ওবামার কন্যা



**স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন :** হলিউডে পা রাখলেন মার্কিন যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্ট বারাক ওবামার কন্যা মালিয়া ওবামা। তবে অভিনেত্রী হিসেবে নয়, নির্মাতা হিসেবে এই যাত্রা শুরু করলেন মিশেল ওবামা-বারাক ওবামা দম্পতির জ্যেষ্ঠ কন্যা। এই যাত্রা শুরুর আগে পারিবারিক পদবি ছেঁটে ফেলেছেন মালিয়া।

যুক্তরাষ্ট্রভিত্তিক গণমাধ্যম নিউইয়র্ক পোস্টের তথ্য অনুসারে, ২৫ বছর বয়সী মালিয়া 'দ্য হার্ট' শিরোনামে স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণ করেছেন। এটি রচনাও করেছেন তিনি। গত ১৮ জানুয়ারি সানড্যান্স ফিল্ম ফেস্টিভ্যালে প্রদর্শনীর মাধ্যমে নির্মাতা হিসেবে মালিয়ার অভিষেক ঘটে। এ উৎসবের একটি ভিডিও ক্লিপ সামনে এসেছে। তাতে চলচ্চিত্রটির বিষয়ে বর্ণনা দেন মালিয়া।

সেখানে জানানো হয়, মালিয়া ওবামা তাঁর নামের শেষাংশ 'ওবামা' বাদ দিয়ে 'অ্যান' যুক্ত করেছেন। অর্থাৎ, তাঁর পুরো নাম এখন মালিয়া অ্যান। তবে কী কারণে এই সিদ্ধান্ত নিয়েছেন মালিয়া, তা জানা যায়নি। হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ে ফিল্মমেকিং বিষয়ে পড়াশোনা করেছেন তিনি। হলিউডে অভিষেকের আগে মালিয়া এইচবিওর ড্রামা সিরিজ 'গার্লস' এবং হার্ভে ওয়েনস্টেইনের প্রযোজনা সংস্থায় ইন্টার্ন হিসেবে কাজ করেন। তা ছাড়া ডোনাল্ড গ্লোভারের অ্যামাজন প্রাইম সিরিজ 'সোয়ার্ম'-এ রাইটার হিসেবেও কাজ করেছেন মালিয়া।

## 'শয়তান'র হাত থেকে মেয়েকে বাঁচাতে অজয়ের লড়াই!



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** বাড়িতে আচমকা হাজির অজ্ঞাত এক ব্যক্তি। ১০ মিনিটের জন্য সাহায্য চাইতে আসা সেই ব্যক্তি ছারখার করে দেয় একটি পরিবারকে। জ্বালিয়ে দেয় পরিবারের সমস্ত সুখ! তেমনই এক অসহায় পরিবারের গল্প নিয়ে আসছেন অভিনেতা অজয় দেবগণ। ছবির নাম 'শয়তান'।

বৃহস্পতিবার মুক্তি পেল অজয় দেবগণ প্রযোজিত ও অভিনীত ছবিটির ট্রেলার। রোমহর্ষক এই ট্রেলার মুক্তির সঙ্গে সঙ্গে নেট দুনিয়ায় ছড়িয়ে পড়েছে। সাধারণ দর্শক থেকে সমালোচক ছবিটির ট্রেলারের প্রশংসায় পঞ্চমুখ।

কালো জাদু ও বশীকরণের মতো বিতর্কিত বিষয়ের প্রেক্ষাপটে তৈরি হয়েছে এই ছবি। বিকাশ বহেল পরিচালিত 'শয়তান' ছবির ট্রেলারের শুরুতে দেখা যায়, কাঁপা গলায় পুলিশকে ফোন করেছেন জ্যোতিকা। বলতে শোনা গেল, 'ওই লোকটা আমার মেয়েকে মেরে ফেলবে, জানি না হঠাৎ করে আমাদের বাড়িতে ঢুকে সে কী করে দিয়েছে আমার মেয়ের ওপর।' এরপর শুরু হয় 'শয়তান'-এর হাত থেকে মেয়েকে বাঁচানোর লড়াই। এই সাইকোলজিক্যাল থ্রিলারধর্মী ছবিতে অজয় ছাড়া আছেন আর মাধবন, জ্যোতিকা, জানকি বোধিওয়ালা প্রমুখ।

'শয়তান'রূপী মাধবনের বশীকরণের হাত থেকে মেয়েকে কি বাঁচাতে পারবেন অজয়-জ্যোতিকা? এ প্রশ্নের উত্তর মিলবে আগামী ৮ মার্চ। সেদিনই প্রেক্ষাগৃহে মুক্তি পাবে সিনেমাটি।

## এবার বিমানসেবিকা কারিনা-কৃতি!



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** বলিউডের তিন নায়িকা কারিনা কাপুর, কৃতি শ্যানন ও টাবুকে এবার দেখা গেল লাল বিমানসেবিকার পোশাকে। ক্রু ছবিতে এই তিন নায়িকার ফার্স্ট লুক এটি। সামাজিক মাধ্যমে নিজেদের এই লুক পোস্ট করেছেন তারা। রাজেশ কৃষ্ণণ পরিচালিত এই ছবির প্রযোজনার দায়িত্বে আছেন একতা কাপুর ও রেহা কাপুর। এই ছবি প্রথমে মুক্তির কথা ছিল ২২ মার্চ। এখন এই ছবিটি পিছিয়ে মুক্তি পাবে ২৯ মার্চ। এর আগে ভিরে দ্য ওয়েডিং ছবির প্রযোজনা করেছিলেন একতা ও রেহা। এটি একসঙ্গে তাদের দ্বিতীয় কাজ। এদিকে সামাজিক মাধ্যমে নায়িকারা যে পোস্টার শেয়ার করে নিয়েছেন, সেখানে ক্যাপশনে লিখেছেন, আপনারা তৈরি তো আমাদের ক্রুয়ের সঙ্গে উড়তে? রক্তরাঙার সঙ্গে সাদা লেয়ারিং করে পোশাক, মাথায় বিমানসেবিকার বিশেষ টুপি, তিন নায়িকাকেই দুর্দান্ত দেখাচ্ছে। এই ছবিতে এই তিন নায়িকাসহ থাকছেন দিলজিৎ দোসাঞ্জ ও বিশেষ একটি ভূমিকায় দেখা যাবে কপিল শর্মাকে। এই তিন নায়িকার পোশাক দেখেই স্পষ্ট তাদের দেখা যাবে বিমানসেবিকার লুকে। তবে সেটাই কি তাদের চরিত্রের একমাত্র দিক? সেই উত্তর মিলবে ছবিতে।

## কাঁদলেন মাধুরী দীক্ষিত



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** রিয়েলিটি শো 'ড্যান্স দিওয়ানে-৪'-এর বিচারক মাধুরী দীক্ষিত। অনুষ্ঠানটির নতুন এক প্রোমোতে দেখা গেল অঝোরে কাঁদছেন অভিনেত্রী মাধুরী দীক্ষিত! সজল চোখে ধরা পড়েন আরেক বিচারক সুনীল শেঠিও। ২০১১ সালে হৃতিক রোশনের 'অগ্নিপথ' ছবির 'আভি মুঝ মে কহিন' গানে পারফর্ম করেন দুই প্রতিযোগী। ১৮ বছরের হর্ষ ও ৮ বছরের দিবাংশের নাচ দেখে বারবার চোখের জল মুছছিলেন মাধুরী। অভিনয়ের এক পর্যায়ে হর্ষকে দিবাংশের প্রাণহীন দেহ পুনরুজ্জীবিত করার চেষ্টা করতে দেখা যায়। সুনীল শেঠি এবং মাধুরী দু'জনেই মঞ্চে এ রকম আবেগঘন পারফরম্যান্স দেখে কেঁদে ফেলেন।

ড্যান্স দিওয়ানে-এর চতুর্থ সিজনের সম্প্রচার শুরু হয় ৩ ফেব্রুয়ারি থেকে। এতে উপস্থাপকের ভূমিকায় কমেডিয়ান ভারতী সিং। এই ভিডিওর প্রতিক্রিয়া জানিয়ে এক নেটিজেন মন্তব্য করলেন, 'আমিও চোখের জল ধরে রাখতে পারিনি। খুব কষ্ট হয়েছে।'

আরেকজনের মন্তব্য, 'মাধুরীর কান্না দেখে অন্তত আমার মনে হয়নি টিআরপি পেতে নাটক করছে।' এদিন সাদা রঙের একটি শাড়ি পরে রিয়েলিটি শো-এর মঞ্চে এসেছিলেন তিনি।

যে পর্বের প্রোমো নিয়ে এত আলোচনা, সেই পর্বে আছেন 'বিগ বস'জয়ী মুনওয়ার ফারুকীও। মঞ্চে প্রতিযোগীদের মন্ত্রমুগ্ধ এই নাচ নিয়ে প্রশংসা করতে দেখা যায় তাঁকেও। তিনি বলেন, 'পুরো ভারতের মানুষের হৃদয়ে জায়গা করে নিয়েছে খুদে শিল্পী হর্ষ ও দিবাংশ।'

আপাতত ড্যান্স দিওয়ানে ৪-এর বিচারকের আসন সামলানোর পাশাপাশি মাধুরী ব্যস্ত তাঁর মারাঠি সিনেমা 'পঞ্চক' নিয়ে। যার জন্য প্রযোজক হয়েছেন তিনি। এটি ২০২৪ সালের ৫ জানুয়ারি মুক্তি পেয়েছে। কোঙ্কনের মনোরম পটভূমিতে সেট করা, পঞ্চক একটি ডার্ক কমেডি, যা কুসংস্কার এবং মৃত্যুভয় থিমগুলোকে হাইলাইট করে।

গত বছর ইন্টারন্যাশনাল ফিল্ম ফেস্টিভ্যাল অব ইন্ডিয়ায় [আইএফএফআই] ভারতীয় সিনেমায় অবদানের জন্য বিশেষ স্বীকৃতি দিয়ে সম্মানিত করা হয় মাধুরীকে। শেষবার পর্দায় দেখা গেছে আনন্দ তিওয়ারি পরিচালিত 'মাজা মা' ছবিতে। এটির আগে মাধুরী ২০২২ সালের নেটফ্লিক্স শো, 'দ্য ফেম গেম'-এ হাজির হয়েছিলেন।

## আমাকে নিয়েই কেন এমন হচ্ছে: শ্রাবন্তী



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** ১৯৯৭ সালে 'মায়ার বাঁধন' সিনেমা দিয়ে শুরু। ইন্ডাস্ট্রিতে ২৫ বছরের বেশি সময় পার করছেন। দিয়েছেন একের পর এক হিট সিনেমা। অভিনয়ের জন্য যেমন খ্যাতি পেয়েছেন তেমনি ব্যক্তিগত জীবন নিয়েও বহুবার সমালোচনার শিকার হয়েছেন। তাই অনেকেই বলেন, আলোচনা-সমালোচনা দুই হাতে নিয়ে চলেন পশ্চিমবঙ্গের অভিনেত্রী শ্রাবন্তী চ্যাটার্জি।

পশ্চিমবঙ্গের প্রেক্ষাগৃহে মুক্তি পেয়েছে রাজর্ষি দে পরিচালিত 'সাদা রঙের পৃথিবী'। এতে দ্বৈত চরিত্রে দেখা গেছে শ্রাবন্তীকে। এই প্রথম একই সিনেমায় ইতিবাচক ও নেতিবাচক চরিত্রে দেখা গেছে তাকে। সিনেমার প্রচারে গিয়ে ভারতীয় গণমাধ্যমের মুখোমুখী হন এই অভিনেত্রী। এসময় শ্রাবন্তী বলছেন, 'অভিনয় আমার রন্ধ্রে রন্ধ্রে। অভিনয়ের মধ্যেই থাকতে চাই। প্রচুর স্ট্রাগলও করেছি। ১৬১৭ বছরে মা হয়েছি। পরিবারের সাপোর্ট ছাড়া কিছুই করতে পারতাম না। কারণ, তখন আমি তো নিজেই ছোট। মা-দিদি-বাবা সবার সাহায্য ছাড়া কিছুই পারতাম না, এখনো তাই। ওদের সমর্থন ছাড়া এতটা দূর এগোতে পারতাম না। এটার জন্য নিজেকে সৌভাগ্যবান মনে হয়।'

কথায় কথায় আসে সমালোচনার প্রসঙ্গও। প্রায়ই কারণে-অকারণে বিদ্রূপের শিকার হন শ্রাবন্তী। জীতু কমলের সঙ্গেও শ্রাবন্তীর সম্পর্ক নিয়ে কথা উঠেছিল অভিনেতার বিচ্ছেদের সময়।

এ বিষয়ে শ্রাবন্তীর ভাষ্য, 'সমালোচনা সবাইকে নিয়ে হয়। যার নাম আছে, তার বদনাম আছে। মানুষ হিসেবে একসময় এগুলো হলে খারাপ লাগত। এত লোকের তো এত কিছু হয়, কেন আমাকে নিয়েই এমন হচ্ছে, মনে হতো। আর জীতুর সঙ্গে আমার সম্পর্ক, লন্ডনে আমরা দুটো ছবির শুটিং করেছিলাম, যেখানে জীতুর সাবেক স্ত্রীও গিয়েছিল। ওর সঙ্গেও আমি অনেক ঘুরেছি। প্রচুর খাওয়াদাওয়া করেছি। যখন আমাকে নিয়ে এই কথা উঠেছিল, আমি খুব হেসেছিলাম। আমি জানি সত্যিটা কী। এ রকম কোনো ব্যাপারই নয়। লোকে যা ভাবছে ভাবুক। কারুর কারুর স্বভাব আছে, লোকজনকে নিয়ে সমালোচনা করার। এখন আর এসবে কিছু যায়-আসে না। কারণ, আমি জানি, জীবন খুব অনিশ্চিত। আজ আছি, কাল নেই। বর্তমানে বাঁচি।'



## সেই জেনি হারমোসোর গোলে প্রথমবার অলিম্পিকে স্পেন



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন** : আলোচিত সেই নারী ফুটবলার জেনি হারমোসোর গোলে প্রথমবারের মতো অলিম্পিক ফুটবলে নাম লিখলো স্পেন নারী ফুটবল দল। শুক্রবার রাতে উয়েফা ওমেন্স নেশন্স লিগের সেমিফাইনালে নেদারল্যান্ডসকে ৩-০ গোলে হারিয়ে ফাইনাল নিশ্চিত করেছে স্পেন। সে সঙ্গে প্যারিস অলিম্পিকের চূড়ান্ত পর্বও নিশ্চিত করেছে তারা।

উয়েফা নেশন্স লিগের ফাইনালে স্পেন মুখোমুখি হবে ফ্রান্সের। যারা অন্য সেমিফাইনালে জার্মানির মত শক্তিশালী দলকে ২-১ গোলে হারিয়ে ফাইনালে উঠেছে।

নারী ফুটবল বিশ্বকাপের ফাইনালে শিরোপা জেতার পর পুরস্কার বিতরণী মঞ্চে বিজয়ী দলের ফুটবলার জেনি হারমোসোর ঠোটে চুমু দিয়ে বেশ বিতর্কের জন্ম দিয়েছিলেন স্প্যানিশ ফুটবল ফেডারেশনের সভাপতি লুইস রুবিয়ালেস। যে ঘটনার জের ধরে রয়্যাল স্প্যানিশ ফুটবল ফেডারেশনের সভাপতির পদ থেকে সরে দাঁড়াতে হয়েছিলো তাকে।

সেই জেনি হারমোসোই এবার নেদারল্যান্ডসের বিপক্ষে গোলের সূচনা করেন। ৪১তম মিনিটে প্রায় এককভাবেই তিনি নেদারল্যান্ডস ডিফেন্ডারদের কাটিয়ে গোলটি করেন। ৪৫তম মিনিটে ব্যালন ডি'অর বিজয়ী নারী ফুটবলার আইতানা বোনমাতি করেন দ্বিতীয় গোল। ৭৭ মিনিটে লেফট ব্যাক ওনা ব্যাটল তৃতীয় গোল করে স্পেনের বিজয় নিশ্চিত করেন।

গত সেপ্টেম্বরে কোচ পরিবর্তন করে মন্তসি টমিকে দায়িত্ব দেয়ার পর বিশ্ব চ্যাম্পিয়ন দল হিসেবে প্যারিস অলিম্পিকে অংশ নেয়ার চ্যালেঞ্জ জেতাটাই তাদের প্রথম বড় সাফল্য। এবার উয়েফা ওমেন্স লিগের শিরোপা জিততে পারলে সেটা হবে তাদের দ্বিতীয় বড় সাফল্য।

মন্তসি টমি বলেন, 'আমি এবং আমার স্টাফরা দায়িত্ব নিয়েছিলাম কঠিন এক সময়ে। যে সময়টাকে আসলে কেউই চায় না। কঠিন সময় পাড়ি দিয়ে এখন আমরা একধাপ এগিয়ে। আমরা খুবই গর্বিত যে, আমাদের কাজ সঠিকভাবে চালিয়ে নিতে পেরেছি। এই দলটি একটি অলিম্পিক গেমসে খেলার যোগ্যতা রাখে। আগের সব জেনারেশনই চেষ্টা করেছে অলিম্পিক ফুটবলে খেলার; তারা পারেনি। অবশেষে আমরা চেষ্টা করে সফল হলাম।'

## ধর্ষণ মামলায় আলভেজের ক্ষতিপূরণের অর্থ দিল নেইমারের পরিবার



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন** : ধর্ষণের দায়ে গতকাল ব্রাজিলের সাবেক রাইটব্যাক দানি আলভেজের সাড়ে ৪ বছরের কারাদণ্ড দেয় বার্সেলোনার আদালত। সঙ্গে ১ লাখ ৫০ হাজার ইউরো ভুক্তভোগীকে ক্ষতিপূরণ হিসেবে দেওয়ার নির্দেশ দিয়েছে।

আলভেজের এই জরিমানার অর্থ (১ লাখ ৫০ হাজার ইউরো) দিয়েছে নেইমারের পরিবার। আলভেজের সাজার মেয়াদ কমানোয় যা বড় ভূমিকা রেখেছে। খবর ব্রাজিলের সংবাদমাধ্যম ইউওএল'র।

খবরে বলা হয়েছে, নেইমার এই অর্থ আগেই স্পেনের আদালতে পাঠান। ভুক্তভোগীর যে নৈতিক এবং শারীরিক ক্ষতি হয়েছে, তা প্রশমনে আলভেজকে জরিমানা দেওয়ার নির্দেশ দেওয়া হয় এবং সেটি দিলে সাজার মেয়াদও কমবে বলা হয়। প্রতিবেদনের ভাষায়, ভুক্তভোগীকে অর্থটা 'দিতে বলা হয়েছিল তাঁর সাজার মেয়াদ কমানোর জন্য'।

২০২২ সালের ডিসেম্বরে বার্সেলোনার নৈশক্লাবে এক নারীকে ধর্ষণের অভিযোগে ২০২৩ সালের জানুয়ারিতে মামলা হয় আলভেজের বিরুদ্ধে। সে মাসেই গ্রেফতার হন আলভেজ এবং তারপর থেকেই স্পেনে কারাবন্দী জীবন কাটছিল তার।

গতকাল আদালত রায়ে বলেছে, 'ভুক্তভোগী সম্মতির কোনো প্রমাণ পাওয়া যায়নি। বাদীর করা ধর্ষণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে।'

## চীনের দুয়ার বন্ধ, মার্চে মেসিরা খেলবেন যুক্তরাষ্ট্রে



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : ইন্টার মায়ামির হয়ে লিওনেল মেসি হংকংয়ে খেলতে না যাওয়ায় ক্ষুব্ধ হয়েছিল চীন। সেই ক্ষোভ আগামী মার্চে চীনের মাটিতে আর্জেন্টিনার দু'টি প্রীতি ম্যাচ বাতিল করে দিয়েছে তারা। সুযোগ লুফে নিয়েছে যুক্তরাষ্ট্র। আগামী মাসে যুক্তরাষ্ট্রে দু'টি আন্তর্জাতিক ম্যাচ খেলবে আর্জেন্টিনা। সে দেশের ফুটবল সংস্থা বৃহস্পতিবার জানিয়েছে, লিওনেল স্কালোনির দল আগামী ২২ মার্চ ফিলাডেলফিয়ায় এল সালভাদরের বিরুদ্ধে খেলবে। ২৬ মার্চ নাইজেরিয়ার বিরুদ্ধে খেলবে লসঅ্যাঞ্জেলসে। চীনের মাটিতে অবশ্য আর্জেন্টিনার খেলার কথা ছিল নাইজেরিয়া এবং আইভোরি কোস্টের বিরুদ্ধে। হ্যাংঝাউয়ে নাইজেরিয়া এবং বেইজিংয়ে আইভোরি কোস্টের বিরুদ্ধে খেলার কথা ছিল আর্জেন্টিনার। প্রীতি ম্যাচ দু'টি চীনের বদলে আমেরিকায় হওয়ায় সুবিধা হবে মেসির। ক্লাব ফুটবলের সূত্রে আর্জেন্টিনার বিশ্বকাপজয়ী অধিনায়ক আমেরিকায় থাকেন। দল আমেরিকায় পৌঁছনোর পর তিনি সতীর্থদের সঙ্গে যোগ দিতে পারবেন।

ফিটনেসের সমস্যার জন্য ক্লাবের হয়ে হংকংয়ে খেলতে পারেননি মেসি। তাঁকে দেখার জন্য প্রচুর দাম দিয়ে টিকেট কিনেছিলেন সেখানকার প্রায় ৪০ হাজার ফুটবলপ্রেমী। মেসি না খেলায় তাঁরা ক্ষুব্ধ হন। মেসি দুঃখপ্রকাশ করার পরেও সুর নরম করেনি ক্ষুব্ধ চিন।

## দুই বিদেশি ক্রিকেটার নিয়ে চিন্তায় চেন্নাই

**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন** : ইন্ডিয়ান প্রিমিয়ার লিগের (আইপিএল) এবারের আসরের সূচি গত বৃহস্পতিবার ঘোষণা হয়েছে। তার পরের দিনই খানিকটা দুঃসংবাদ চেন্নাই সুপার কিংস শিবিরে। তাদের দুই বিদেশি ক্রিকেটার দেশের হয়ে খেলতে গিয়ে চোট পেয়েছেন। তাদের আইপিএলে খেলা নিয়ে শঙ্কা দেখা দিয়েছে।

মহেন্দ্র সিংহ ধোনির দলের এই দুই ক্রিকেটার হলেন ডেভন কনওয়ে এবং রাচিন রবীন্দ্র। কনওয়ে গত দুই আসর ধরেই চেন্নাইয়ে খেলছেন। আর রবীন্দ্রকে গত নিলামেই ১.৮ কোটি রুপি দিয়ে দলে ভিড়িয়েছে চেন্নাই।

শুক্রবার অস্ট্রেলিয়ার বিপক্ষে সিরিজের দ্বিতীয় টি-টোয়েন্টিতে রবীন্দ্র খেলতে পারেননি চোটের কারণে। প্রথম ম্যাচে বাঁ-হাঁটুতে চোট পেয়েছিলেন তিনি। সেই চোট এখনও সারেনি।

শুধু তাই নয়, প্রথমে মনে করা হয়েছিল সেই চোট আহামরি কিছু নয়। এক সপ্তাহের মধ্যেই সুস্থ হয়ে যাবেন তিনি। কিন্তু স্ক্যানের পর বোঝা গিয়েছে তা সারতে সময় লাগতে পারে। ঠিক কী হয়েছে তা এখনই বোঝা যাচ্ছে না। কিন্তু এক মাস পর থেকে আইপিএলে খেলতে পারবেন কি না তা এখনও স্পষ্ট নয়।

## বাজবল নতুন কিছু নয়! কেন বললেন গেইল?



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন** : বেন স্টোকস অধিনায়ক ও ব্রেন্ডন ম্যাককালাম কোচ হওয়ার পর টেস্ট ক্রিকেটে ইংল্যান্ডের খেলার ধরনটাই বদলে গেছে। আগ্রাসী ক্রিকেট খেলে ম্যাচের প্রথম বল থেকেই প্রতিপক্ষ বোলারদের ওপর চড়াও হচ্ছে তারা। ম্যাককালামের ডাকনামের সঙ্গে মিল রেখে এর নাম দেওয়া হয়েছে বাজবল।

গত দুই বছরে বাজবল সফলতরি পাশাপাশি ব্যর্থতাও দেখেছে। চলমান ভারত সফরে জয় দিয়ে শুরু করলেও হেরেছে পরের দুই টেস্টে। বিশেষ করে যশস্বী জয়সওয়ালের ব্যাটিংয়ের কাছে পাত্তাই পায়নি তারা। আগ্রাসী ব্যাটিংয়ে পরপর দুই টেস্টে ডাবল সেঞ্চুরি তুলে নেন ভারতীয় এই ওপেনার। তা দেখে ইংলিশ ওপেনার বেন ডাকেট কৃতিত্ব দিলেন বাজবলকেই।

মারকুটে ওপেনার হিসেবে সুনাম কুড়ানো ক্রিস গেইলের মতে, আগ্রাসী ক্রিকেটের প্রচলন আরও আগে থেকেই ছিল। তাই বাজবল তার কাছে নতুন কিছু নয়।

ডাকেটের মন্তব্যকে একহাত নিয়ে ইউনিভার্স বস খ্যাত গেইল এএফপিকে বলেন, 'ক্রিস গেইল আন্তর্জাতিক মঞ্চে পা রাখার আগে থেকেই বছরের পর বছর ধরে আক্রমণাত্মক ক্রিকেট খেলা হচ্ছে। আমাদের (ওয়েস্ট ইন্ডিজ) জন্য সেই পথ তৈরি করে দিয়েছেন ভিভ রিচার্ডস, ব্রায়ান লারার মতো ক্রিকেটাররা। তারা সব ফরম্যাটেই আক্রমণাত্মক খেলোয়াড়। পরিসংখ্যান চেক করলে দেখবেন, তারা কীভাবে তাদের ইনিংস সাজিয়েছেন।'

'আমার মনে হয় না, সে (জয়সওয়াল) ইংল্যান্ডের কাছ থেকে শিখেছে। খেলার এই ধরনটি নিজের কোচ ও মেন্টরের পরামর্শে গড়ে তুলেছে। সে স্রেফ অসাধারণ একজন খেলোয়াড়। মনে হচ্ছিল যেন ২০ বছর ধরে খেলছে, অবিশ্বাস্য। আশা করি, সে যেন এটা ধরে রাখতে পারে।'

## টি-টোয়েন্টি বিশ্বকাপ দলে থাকবেন স্মিথ?



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন** : ওয়েস্ট ইন্ডিজ ও যুক্তরাষ্ট্রের মাটিতে টি-টোয়েন্টি বিশ্বকাপ শুরুর আরও তিন মাস বাকি। তবে এখন থেকেই সম্ভাব্য স্কোয়াড গঠনে মনোযোগ দিচ্ছে দলগুলো। টি-টোয়েন্টি ফরম্যাটে স্টিভ স্মিথের খেলা নিয়ে আগে সমালোচনা হয়েছিল। আসন্ন টি-টোয়েন্টি বিশ্বকাপে অস্ট্রেলিয়া দলে তিনি থাকবেন কিনা, এ নিয়ে জানিয়েছেন দলটির কোচ।

নিউজিল্যান্ডের মাটিতে বুধবার থেকে অস্ট্রেলিয়ার টি-টোয়েন্টি সিরিজ শুরু হয়েছে। যেখানে ২১৫ রান করা স্বাগতিক কিউইদের হারিয়ে শুভসূচনা পায় অজিরা। সেখানেই মূলত অস্ট্রেলিয়ান কোচ অ্যান্ড্রু ম্যাকডোনাল্ডের কাছে স্মিথের বিশ্বকাপ খেলা নিয়ে জানতে চাওয়া হয়। জবাবে অভিজ্ঞ এই ক্রিকেটার তাদের পরিকল্পনায় আছেন বলে জানান ম্যাকডোনাল্ড।

অজিদের প্রধান কোচ বলেন, 'সে (স্মিথ) যদি আমাদের পরিকল্পনায় না থাকত, তাহলে এই সিরিজের বিমানে তাকে দেখা যেত না। তাকে আমরা অবশ্যই যুক্তি আছে বলে খেলাচ্ছি। ও এখানে কিছু সুযোগ পাবে, এর আগে ভারত বিশ্বকাপের আগমুহূর্তে সুযোগ পায়। এবং তাকে আমরা ২০২৩ সালের আগস্ট-সেপ্টেম্বরের দক্ষিণ আফ্রিকা সিরিজেও খেলানোর পরিকল্পনা ছিল, কিন্তু দুর্ভাগ্যবশত হাতের ইনজুরির কারণে সে ওই সময় দলের বাইরে চলে যায়।'

ক্যারিবীয়ান দ্বীপ ও যুক্তরাষ্ট্রে ১ জুন থেকে শুরু হবে বিশ্বকাপ আসর। যেখানে শিরোপা জয়ের আশায় বিশ্বচ্যাম্পিয়ন অস্ট্রেলিয়া সম্ভাব্য সবচেয়ে ভালো স্কোয়াড গড়তে চায়। এজন্য নিজেদের সিরিজ ছাড়াও আইপিএলের দিকে তাকিয়ে ম্যাকডোনাল্ড, 'এই বিশ্বকাপের জন্য আমাদের ভাবনায় ২০ ক্রিকেটার আছেন, সেখান থেকে ১৫ জনকে বেছে নেওয়া হবে, সে কারণে এসব ম্যাচ খুবই গুরুত্বপূর্ণ। এছাড়া আইপিএলেও আমাদের অনেক ক্রিকেটার খেলবে, আমরা সেদিকেও তাকিয়ে আছি, ওই টুর্নামেন্টের সঙ্গে সম্ভবত আন্তর্জাতিক ক্রিকেটের বড় একটি সংযোগ রয়েছে।'

## ছক্কার রেকর্ড ম্যাক্সওয়েলের



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন** : বর্তমান ক্রিকেটে অন্যতম মারকুটে ব্যাটার গ্লেন ম্যাক্সওয়েল। তবে নিউজিল্যান্ডের বিপক্ষে গতকাল শুক্রবার দ্বিতীয় টি-টোয়েন্টি ম্যাচে ব্যাট হাতে সুবিধা করতে পারেননি তিনি। ৪ বল মোকাবিলায় ১ ছক্কায় ৬ রান করে আউট হন বেন সিয়ার্সের বলে। অবশ্য এই ছক্কায়ই তিনি গড়েন নতুন রেকর্ড। ভেঙে দিয়েছেন অ্যারোন ফিঞ্চের সর্বোচ্চ ছক্কার রেকর্ড।

আন্তর্জাতিক টি-টোয়েন্টিতে এটি ছিল ম্যাক্সওয়েলের ১২৬তম ছক্কা। আর এর মধ্য দিয়ে তিনি ফিঞ্চকে পেছনে ফেলে অস্ট্রেলিয়ার ক্রিকেটারদের মধ্যে সর্বোচ্চ ছক্কা হাঁকানো ব্যাটসম্যান হয়ে যান। এই সিরিজের আগে ১২৫ ছক্কা নিয়ে ফিঞ্চের সঙ্গে যৌথভাবে শীর্ষে ছিলেন ম্যাক্সি।

১১৩ ছক্কা নিয়ে ম্যাক্সওয়েল-ফিঞ্চের পরেই আছেন ডেভিড ওয়ার্নার। চতুর্থ স্থানে আছেন শেন ওয়াটসন। তার মোট ছক্কা ছিল ৮৩টি। বর্তমান টি-টোয়েন্টি অধিনায়ক মিচেল মার্শ ৬৬ ছক্কা নিয়ে এই তালিকায় আছেন পঞ্চম স্থানে।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন ঃ ৯৫৬৪৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR